



## মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম

### ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]  
সিরাজগঞ্জ জেলা কার্যালয়  
[www.islamicfoundation.gov.bd](http://www.islamicfoundation.gov.bd)



স্মারক নং ১৬.০১.৮৮০০.০২২.০১.১৩২.২১-৪৪৯

তারিখ: ১৩ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
২৮ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

### মডেল কেয়ারটেকার শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়) প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলার উপজেলার মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের জন্য চৌহালী উপজেলায় অবস্থিত মডেল রিসোর্স সেন্টার কাম সাব-অফিসে মডেল কেয়ারটেকার ১ টি শূন্য পদে নির্ধারিত সম্মানীয় ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্প মেয়াদকালীন সময়ে (৩১ ডিসেম্বর ২০২৪ খ্রি. পর্যন্ত) নিয়োগের জন্য মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের বিদ্যমান শিক্ষক, বিদ্যমান কেয়ারটেকার এবং আত্মীয় ব্যক্তিদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#### শর্তাবলী:

১. মডেল রিসোর্স সেন্টারের কেয়ারটেকার পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা : ফাঁজিল/দাওরায়ে হাদীস/স্নাতক পাশ হতে হবে।
২. মডেল রিসোর্স সেন্টারের কেয়ারটেকার পদে আবেদনকারীর বয়স : ১৩/০১/২০২২ খ্রি. তারিখে ১৮ হতে ৪০ বছরের মধ্যে হতে হবে।
৩. কেয়ারটেকারের বাসস্থান রিসোর্স সেন্টারের ২(দুই) বর্গ কিলোমিটার-এর মধ্যে হতে হবে এবং তাকে সংশ্লিষ্ট এলাকা স্থানীয় ও স্থায়ী বাসিন্দা হতে হবে। এবিষয়ে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়ন পত্র থাকতে হবে।
৪. মডেল রিসোর্স সেন্টারের কেয়ারটেকার নিয়োগের ক্ষেত্রে আলেম ও প্রশিক্ষণপ্রাপ্ত ইমামগণকে অগ্রাধিকার দেয়া হবে।
৫. আবেদনকারীকে আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।
৬. সাধারণ শিক্ষায় শিক্ষিত প্রার্থীদের কুরআন-হাদীস সংক্রান্ত বিষয়ে যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৭. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিরাজগঞ্জ বরাবরে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা বয়স, জাতীয়তা, ধর্ম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, অভিজ্ঞতা, মোবাইল নম্বর উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন দাখিল করতে হবে।
৮. আবেদনপত্র জমা দেওয়ার স্থান : জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
৯. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ১৩/০১/২০২২ খ্রি.
১০. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্যপ্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে।
১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৩. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ প্রদান করা হবে না।

  
(ড. ফারুক আহাম্মদ)  
জেলা প্রশাসক

ও

সভাপতি

কেয়ারটেকার নির্বাচন কমিটি, সিরাজগঞ্জ